# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 10.06.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) নরেন্দ্র মোদীর নেতৃত্বে তৃতীয় এন ডি এ সরকারে প্রতিরক্ষা, স্বরাষ্ট্র, বিদেশ এবং অর্থ মন্ত্রকের দায়িত্বে কোন পরিবর্তন করা হয়নি।

নতুন কৃষিমন্ত্রী হয়েছেন শিবরাজ সিং চৌহান। জে পি নাড্ডা হয়েছেন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী। ক্রীড়া মন্ত্রকের দায়িত্ব পেয়েছেন চিরাগ পাসোয়ান।

২) প্রধানমন্ত্রী হিসেবে টানা তৃতীয়বার দায়িত্ব গ্রহণের পর প্রথম, কিষাণ নিধি তহবিল থেকে সপ্তদশ কিস্তির টাকা ছাড়ার ফাইলে আজ সই করেন নরেন্দ্র মোদী।

অন্যদিকে, হরিয়ানার খানাউরি সীমান্তে আন্দোলনরত কৃষকদের সঙ্গে আজ দেখা করেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদদের প্রতিনিধিদল।

৩) রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্র – রানাঘাট দক্ষিণ, বাগদা, মানিকতলা এবং রায়গঞ্জের উপ-নির্বাচনে ভোট নেওয়া হবে ১০-ই জুলাই।

৪) বিভিন্ন দফতরের উন্নয়নমূলক কাজের পর্যালোচনায় আগামীকাল বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী।

৫) ভোট পরবর্তী হিংসা নিয়ে বিরোধী দলনেতা কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন।

৬) দক্ষিণবঙ্গের একাধিক জেলায় ১৩-ই জুন পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। ১৪ তারিখ থেকে তিন দিন বৃষ্টি হবে সব জেলায়।

oooooooooooooooooooooo

নরেন্দ্র মোদীর নেতৃত্বে তৃতীয় এন ডি এ সরকারে প্রতিরক্ষা মন্ত্রক – রাজনাথ সিং-এর হাতেই থাকছে। স্বরাষ্ট্র – বিদেশ এবং অর্থ মন্ত্রকের দায়িত্বেও কোন পরিবর্তন করা হয়নি। অমিত শাহ – স্বরাষ্ট্র, এস জয়শঙ্কর – বিদেশ এবং নির্মলা সীতারমন – অর্থমন্ত্রীই থাকছেন।  নীতিন গড়করি সড়ক পরিবহণ এবং মহাসড়ক দফতরের দায়িত্বেই থাকছেন। জগৎ প্রকাশ নাড্ডা হয়েছেন নতুন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী। মনোহরলাল খাট্টার পেয়েছেন বিদ্যুৎ এবং আবাসন ও নগর বিষয়ক মন্ত্রক। শিবরাজ সিং চৌহানকে কৃষি মন্ত্রকের দায়িত্ব দেওয়া হয়েছে । তথ্য ও সম্প্রচার এবং রেল মন্ত্রক সামলাবেন অশ্বিনী বৈষ্ণব। চিরাগ পাসোয়ান পেয়েছেন খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রকের দায়িত্ব। কিরেন রিজিজু হয়েছেন সংসদ বিষয়ক মন্ত্রী।

ooooooooooooooooooo

প্রধানমন্ত্রী হিসেবে টানা তৃতীয়বার দায়িত্ব গ্রহণের পর প্রথম, কিষাণ নিধি তহবিল থেকে সপ্তদশ কিস্তির টাকা ছাড়ার ফাইলে আজ সই করেন নরেন্দ্র মোদী। ৯ কোটি ৩০ লক্ষের মতো কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি যাবে এই অর্থ। খরচ হবে প্রায় ২০ হাজার কোটি টাকা। ফাইলে সই করে প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার কৃষকদের কল্যাণের প্রতি দায়বদ্ধ।

অন্যদিকে, হরিয়ানার খানাউরি সীমান্তে আন্দোলনরত কৃষকদের সঙ্গে আজ দেখা করেন তৃণমূল কংগ্রেসের রাজ্যসভার সাংসদদের প্রতিনিধিদল। দলে ছিলেন ডেরেক ও ব্রায়ান, দোলা সেন, সাগরিকা ঘোষ, নাদিমুল হক ও সাকেত গোখেল। তৃণমূল প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগেই জানিয়েছিলেন, ন্যায্য দাবিতে আন্দোলনকারী কৃষকদের পাশে আছেন তাঁরা।

তৃণমূল সাংসদদের প্রতিনিধি দল, কৃষক নেতার সঙ্গে মোবাইলে মুখ্যমন্ত্রীর কথা বলিয়ে দেন।

(বাইট)

বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য, তৃণমূল প্রতিনিধি দলের এই সফরকে তীব্র কটাক্ষ করেছেন।

(বাইট – শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোট মিটতেই রাজ্যে চারটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের দিনক্ষণ ঘোষণা করলো নির্বাচন কমিশন। নদিয়ার রানাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগনার বাগদা, কলকাতার মানিকতলা এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জ আসনে ভোট নেওয়া হবে আগামী ১০ই জুলাই। এজন্য বিজ্ঞপ্তি জারি হবে ১৪ ই জুন। মনোনয়ন দাখিল করা যাবে ২১ শে জুন পর্যন্ত। ২৪ তারিখ জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ২৬ শে জুন। ১৩ ই জুলাই হবে ভোটগণনা।

তিন বিধায়কের ইস্তফা এবং এক বিধায়কের প্রয়াণে এই আসনগুলি শূন্য হয়।

২০২১ সালের বিধানসভা ভোটে রায়গঞ্জ কেন্দ্র থেকে বিজেপির টিকিটে জয়ী কৃষ্ণ কল্যাণী পরে তৃণমূল কংগ্রেসে যোগ দেন। এ বারের লোকসভা নির্বাচনে তাঁকে রায়গঞ্জ কেন্দ্রে প্রার্থী করে রাজ্যের শাসকদল। একই ভাবে রানাঘাট দক্ষিণ কেন্দ্র থেকে বিজেপি প্রার্থী হিসাবে জয়ী মুকুটমণি অধিকারী লোকসভা ভোটের ঠিক আগে তৃণমূল কংগ্রেসে যোগ দিয়ে রানাঘাট লোকসভা কেন্দ্রে প্রার্থী হন। বাগদা কেন্দ্র থেকে বিজেপির টিকিটে জয়ী বিশ্বজিৎ দাস পরে যোগ দেন তৃণমূল কংগ্রেসে। দল এবার তাঁকে বনগাঁ লোকসভা কেন্দ্রে প্রার্থী করে।

অন্যদিকে, গত বিধানসভা নির্বাচনে কলকাতার মানিকতলা কেন্দ্রে জয়ী বর্ষীয়ান তৃণমূল নেতা, মন্ত্রী সাধন পাণ্ডে ২০২২ এর ফেব্রুয়ারি মাসে প্রয়াত হলেও মামলাজনিত জটিলতার দরুন সেখানে উপনির্বাচন হয়নি। সম্প্রতি

মামলা প্রত্যাহার করে নেন ঐ কেন্দ্রের পরাজিত বিজেপি প্রার্থী কল্যাণ চৌবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অষ্টাদশ লোকসভায় নির্বাচিত তিন তৃণমূল কংগ্রেস বিধায়ক আজ বিধানসভা সদস্য পদে ইস্তফা দিয়েছেন। মেদিনীপুর কেন্দ্রে নির্বাচিত জুন মালিয়া, **কোচবিহার** আসনে নির্বাচিত সীতাইয়ের বিধায়ক জগদীশ চন্দ্র বর্মা বসুনিয়া এবং ব্যারাকপুর থেকে নির্বাচিত নৈহাটির বিধায়ক পার্থ ভৌমিক আজ বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের হাতে পদত্যাগপত্র তুলে দেন। আলিপুরদুয়ার কেন্দ্রে নির্বাচিত হয়েছেন মাদারিহাটের বিজেপি বিধায়ক মনোজ টিগ্গা এবং বসিরহাটে জিতেছেন হাড়োয়ার তৃণমূল কংগ্রেস বিধায়ক হাজি নরুল ইসলাম । তাদেরও ইস্তফা দিতে হবে। তালডাঙরার বিধায়ক পদে শুক্রবারই ইস্তফা দিয়েছেন, বাঁকুড়া লোকসভা কেন্দ্রে নির্বাচিত তৃণমূল কংগ্রেস প্রার্থী অরূপ চক্রবর্তী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আদর্শ আচরনবিধি উঠে যাওয়ার পর বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের পর্যালোচনায় রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আগামীকাল বিকালে সচিবালয় নবান্ন সংলগ্ন সভাঘরে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে সব দপ্তরের মন্ত্রী, সচিব, জেলাশাসক, জেলা পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সহায়তামূলক প্রকল্পের বর্তমান অবস্থা পর্যালোচনার পাশাপাশি আটকে থাকা প্রকল্পগুলির কাজ দ্রুত শুরু করার নির্দেশ দেওয়া হবে বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোট পরবর্তী হিংসার ঘটনা নিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আক্রান্তদের নিরাপত্তার দাবি জানিয়ে আজ আদালতের দৃষ্টি আকর্ষণ করেন তিনি। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন

বেঞ্চ মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন। আগামী বুধবার এই মামলার শুনানি হতে পারে।

প্রসঙ্গত, এর আগে ভোট পরবর্তী হিংসা রুখতে রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে একসঙ্গে কাজ করা নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। রাজ্য পুলিশের ডিজি সঞ্জয় মুখোপাধ্যায়কে ভোট পরবর্তী হিংসার অভিযোগ ই-মেলের মাধ্যমে জমা নিতে হবে বলেও নির্দেশ দেওয়া হয়।

oooooooooooooooooooooo

রাজ্যে ভোট পরবর্তী অশান্তির আরো খবর মিলেছে। মুর্শিদাবাদের হরিহরপাড়ায় গতরাতে মোটরবাইকে বাড়ি ফেরার সময় দুষ্কৃতিদের গুলিতে খুন হন সনাতন ঘোষ নামে এক তৃণমূল কংগ্রেস কর্মী।

উত্তর ২৪ পরগনার দেগঙ্গার চাপাতলা গ্রামপঞ্চায়েতের গোঁসাইপুর এলাকায় তৃণমূল কংগ্রেসের বিজয় মিছিলকে কেন্দ্র করে  আই এস এফ-এর সঙ্গে সংঘর্ষ বাধে। পঞ্চায়েতের উপ- প্রধান হমায়ুন রেজা চৌধুরীকে ধারালো অস্ত্র দিয়ে কোপানো হয়। কলকাতার একটি বে-সরকারী হাসপাতালে তিনি চিকিৎসাধীন। যদিও আই এস এফ অভিযোগ অস্বীকার করেছে। গ্রেফতার হয়েছে চারজন।

কোচবিহারের বক্সিরহাটে রাতের অন্ধকারে বিজেপি-র পার্টি অফিসে ভাঙচুর চালানোর অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে।

দক্ষিণ কলকাতার কসবার ইন্দুপার্কে তৃণমূল কংগ্রেসের দুই কাউন্সিলারের অনুগামীদের মধ্যে গন্ডগোলে গতরাতে এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। গুলি চালানো হয় বলে অভিযোগ। বাইক ভাঙচুর করা হয়। ৫ জনকে পুলিশ গ্রেফতার করেছে। ঘটনাস্থল থেকে উদ্ধার হয়েছে দু রাউন্ড গুলি। ধৃতদের মধ্যে এক নাবালককে হোমে পাঠানোর এবং চারজনকে ১৪ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে আদালত।

ডায়মন্ড হারবারে ভোট পরবর্তী হিংসায় ঘরছাড়া বিজেপি কর্মী সমর্থকদের সঙ্গে আজ দেখা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিজেপি প্রার্থী অভিজিৎ দাসের আমতলার বাড়িতে আশ্রয় নিয়েছেন বেশ কয়েকজন ঘরছাড়া কর্মী।  শুভেন্দু বলেন,

(বাইট – শুভেন্দু)

এদিকে, লোকসভা ভোটের ফল বেরতেই বীরভূমের সিউড়ি এক নম্বর ব্লকের কড়িধ্যা গ্রাম পঞ্চায়েত বিজেপি-র হাত ছাড়া হতে চলেছে। উপ-প্রধান ও এক সদস্য আজ যোগ দিয়েছেন তৃণমূল কংগ্রেসে। এরফলে ১৭ আসনের ওই পঞ্চায়েতে তৃণমূলের সদস্য সংখ্যা বেড়ে হলো ১০।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস থেকে বহিষ্কৃত হয়েছেন, সিউড়ি এক নম্বর ব্লক কমিটির সদস্য সমীরণ চক্রবর্তী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটপর্ব মিটে গেলেও যেসব সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে এখনও পর্যন্ত কেন্দ্রীয় বাহিনী আছে, তাদের অন্যত্র সরিয়ে স্কুলগুলিতে নিয়মিত পঠন-পাঠন শুরু করতে রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। দুই চব্বিশ পরগনা সহ কয়েকটি জেলার জেলাশাসক ও কলকাতা পুলিশ কমিশনারকে রাজ্য স্বরাষ্ট্র দপ্তরের তরফে এই নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে খবর।

গ্রীষ্মের দীর্ঘ ছুটির পর আজ থেকে স্কুলগুলিতে পঠন পাঠন শুরু হলেও অনেক স্কুলে এখনও কেন্দ্রীয় বাহিনী থাকায় আজও ক্লাস নেওয়া যায়নি। এর প্রেক্ষিতেই এই নির্দেশ।

উল্লেখ্য, ভোট পরবর্তী হিংসা রুখতে নির্বাচন কমিশনের নির্দেশে আগামী ১৯জুন পর্যন্ত রাজ্যে চারশো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী থাকার কথা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু উত্তরবঙ্গে সক্রিয় থাকলেও দক্ষিণবঙ্গে তাপপ্রবাহ এবং ঘর্মাক্ত গরমে মানুষ নাজেহাল। আবহাওয়া দপ্তর ১৩ই জুন পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় তাপপ্রবাহ বা তীব্র তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে। উত্তর-পশ্চিম বিহার থেকে নাগাল্যান্ড পর্যন্ত বিস্তৃত অক্ষরেখা এবং পূর্ব বিহারে সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বায়ুমন্ডলে প্রবেশ করছে। একই সঙ্গে বইছে পশ্চিমী বাতাস। ফলে

তীব্র গরমের সঙ্গে ঘামের অস্বস্তি বেড়েছে। কোথাও কোথাও বজ্রগর্ভ মেঘ থেকে বৃষ্টি হলেও দীর্ঘস্থায়ী স্বস্তি মিলছে না। তবে ১৪ তারিখ থেকে টানা তিনদিন দক্ষিণবঙ্গের সব জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দফতরের আঞ্চলিক প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট – সোমনাথ)

অন্যদিকে, ভারি থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে উত্তরবঙ্গের একাধিক জেলায়।

কলকাতায় আজ সর্বোচ্চ ও সর্বনিম্ন দুটি তাপমাত্রাই স্বাভাবিকের ৩ ডিগ্রী ওপরে, ৩৭ দশমিক ৬ এবং ৩০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস।

হিট স্ট্রোকের চিকিৎসায় পুরুলিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ৫ শয্যার আলাদা ওয়ার্ড খোলা হয়েছে। জেলায় তাপমাত্রার পারদ ৪৩ ডিগ্রীতে উঠেছে ।

ooooooooooooooooooo